

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
(সাপারণ শাখা)  
[www.sylhet.gov.bd](http://www.sylhet.gov.bd)

স্মারক নং : ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০২.১৫- ১২০ (২২৫)

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪  
২০ সেপ্টেম্বর ২০১৭

বিষয় : সেপ্টেম্বর/২০১৭ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রহণ।

সিলেট জেলার উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী ১৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২০১৭ মাসের সভা অনুষ্ঠিত হবে।

০২। সভায় তাঁর দপ্তরের উন্নয়ন কার্যক্রমের (যাদের জন্য প্রয়োজ্য) সর্বশেষ অগ্রগতির তথ্যসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উক্ত সভার কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত আগস্ট/২০১৭ মাসের কার্যবিবরণির স্ব স্ব দপ্তরের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ উন্নয়ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি আগামী ১৪/০৯/২০১৭ তারিখের মধ্যে সফটকপি (Microsoft word file এ Nikosh ফন্টে টাইপকৃত) ও স্বাক্ষরিত ডকুমেন্টের স্ক্যানকপি পিডিএফ ফরমেটে ই-মেইলে (generalsection304@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(জেসমিন আক্তার)

সহকারী কমিশনার

০৮২১-৭১৭৭৪৭ (অফিস)

generalsection304@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পুলিশ সুপার, সিলেট।
২. সিভিল সার্জন, সিলেট।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৫. ...., সিলেট।
৬. নির্বাহী প্রকৌশলী, ...., সিলেট।
৭. উপপরিচালক/সহকারী পরিচালক, ...., সিলেট।
৮. চেয়ারম্যান (সকল) ..... উপজেলা পরিষদ, সিলেট।
৯. মেয়র (সকল) ..... পৌরসভা, সিলেট।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ....., সিলেট।

১১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, সিলেট। জেলা প্রশাসনের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধ করা হলো।
১২. সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩. গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। অতিরিক্ত জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।